



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/২২১১৮১০৯৯৬৩১/জামালপুর -৪৬/৩২৬৩ / ৬

তারিখঃ ১৬.০৬.২০১৯খ্রিঃ

বিষয়: চলমান ম্যানেজিং কমিটি ভেঞ্চে দিয়ে এডহক কমিটি গঠনের অনুমতি প্রসঙ্গে।

- সূত্র:**
- ১। মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশাস/৩২১৭/৮/জামালপুর-৪৬; তারিখ: ২৭.০৩.২০১৯।
 - ২। উপজেলা নির্বাহী অফিসারের স্মারক নং-০৫.০০.০৩৯৩৬.০০৮.২৭.০০৪.১৪-৩০৯; তারিখ: ০৯.০৪.২০১৯।
 - ৩। মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশাস/২২১১৮১০৯৯৬৩১/৩২৪৩/৮/জামালপুর-৪৬; তারিখ: ০৫.০৫.২০১৯।
 - ৪। ইদিলপুর দাখিল মাদ্রাসার স্মারক নং-ই.দা.মা/০০৭/২০১৯; তারিখ: ১২.০৫.২০১৯।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, জামালপুর জেলার সদর উপজেলাধীন ইদিলপুর দাখিল মাদ্রাসার সুপার জনাব মো: নুরুল আমীন একটি অভিযোগ দাখিল করেছেন। তিনি অভিযোগে উল্লেখ করেছেন যে, অনুমোদিত কমিটির প্রথম সভা করতে গেলে কমিটির সদস্যগণ যথাক্রমে মো: আব্দুর রশিদ, মো: নুরুল ইসলাম, মো: গোলাম মোস্তফা, মোহা: মনোয়ারা খাতুন, মনোয়ারা খাতুন, মোহাম্মদ তারা মিয়া ও মো: মোফাজ্জল হক সভাপতি বরাবর পদত্যাগপত্র দাখিল করেন। সভাপতি পদত্যাগপত্র গ্রহণ না করায় পদত্যাগকারী সদস্যগণ সুপারের মাধ্যমে আবেদন করেন।

উপরিষ্টিখিত অভিযোগসহ মাদ্রাসার সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার সদর, জামালপুরকে সূত্রে উল্লিখিত ১নং স্মারকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার সূত্রোক্ত ২নং স্মারকে একটি প্রতিবেদন বোর্ডে প্রেরণ করেন। প্রতিবেদনে তদন্তকারী কর্মকর্তা বলেন- গত ২৪/০১/২০১৯ খ্রি. তারিখে অনুমোদিত ম্যানেজিং কমিটির ০৭ (সাত) সদস্যের পদত্যাগের বিষয়টি প্রমাণিত হয়েছে মর্মে প্রতীয়মান হয়।

উপজেলা নির্বাহী অফিসার সদর, জামালপুর কর্তৃক প্রেরিত পত্রের বিষয়ে চলমান ম্যানেজিং কমিটি কেন ভেঞ্চে দেয়া হবেনা তার সন্তোষজনক জবাব ৩০(ত্রিশ) কর্ম দিবসের মধ্যে প্রেরণের জন্য সভাপতি/সুপারকে সূত্রোক্ত ৩নং স্মারকের মাধ্যমে অনুরোধ করা হয়। সুপার সূত্রোক্ত ৪নং স্মারকের মাধ্যমে অত্র বোর্ডে জবাব দাখিল করেছেন। তিনি চলমান ম্যানেজিং কমিটি ভেঞ্চে দিয়ে এডহক কমিটি গঠনের অনুমতি চেয়েছেন।

বর্ণিত অবস্থায় সুপার কর্তৃক কারণ দর্শানোর পত্রের জবাবের প্রেক্ষিতে সূত্রোক্ত ০৩নং স্মারক দ্বারা অনুমোদিত চলমান ম্যানেজিং কমিটি ভেঞ্চে দেয়া হলো এবং সুপার কর্তৃক অনলাইনে এডহক কমিটি গঠনের অনুমতি চাওয়ার জন্য নির্দেশ প্রদান করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

স্বঃ

মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার

(Signature)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপক

সভাপতি/সুপার, ইদিলপুর দাখিল মাদ্রাসা

পো: ভারুয়াখালী, সদর, জামালপুর।

নং-বামাশিবো/প্রশাসন/জামালপুর -৪৬/ ৩২৬৩ / ৬

তারিখঃ ১৬.০৬.২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা প্রশাসক, জামালপুর।
২. জেলা শিক্ষা অফিসার, জামালপুর।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, জামালপুর।
৫. অভিযোগকারী মো: নুরুল আমীন, ডাকঘর: ভারুয়াখালী, সদর, জামালপুর।
৬. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (মহোদয়ের অবগতির জন্য)।
৭. পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. অফিস কপি।

(Signature)

মোঃ মজিবুর রহমান

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬৭৪৮৭৪